

দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৩ জুন ২০২৬ ॥ ০৭ মহররম ১৪৪৮ ॥ ০৯ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নিষিদ্ধ আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী বরিশালে নিরাপত্তা জোরদার

বরিশালে ২৩৪টি কেন্দ্রে শিশুদের
খাওয়ানো হবে ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল

সাইবার বুলিংয়ের শিকার বরিশালের দুই-তৃতীয়াংশ তরুণী

প্রাথমিকে শিক্ষক বদলি-পদায়নে চার
কমিটি, নেতৃত্বে সচিব-ডিসি-ইউএনও


দৈনিক ফৌজনাখালা আত্মপ্রভাষী প্রতিদিন প্রতিনিধি আবশ্যিক

সাবেক প্যানেল মেয়র রফিকুল
ইসলাম খোকন কারাগারে

কীৰ্ত্তনৰূপা ৰিপোৰ্ট

বিশ্বনাথ সিটি কাণ্ডেশ্বৰেশ্বৰেণেৰে সাৰেৰ প্যামেল ম্যেৰে ও মহানগৰ আওয়ামী লীগেৰে সদন্যা আড্ডভোকেট ৰফিকুল ইশামান থেকোৱে ওয়েহে মন্থা থেকোৱেৰে কাণ্ডেশ্বৰেণেৰে গ্ৰেণ্ডেণ কাৰা হায়েহে। সোবাৰে (২২ জুন) মহানগৰ সন্ধ্যা ১০টাৰ দিকে শহুৰী নাতিয়েৰেপুল আওয়াৰে নিজ বাপা থেকে ভোকে গ্ৰেণ্ডেৰে কাৰা হয়। পৰে পুলিমা মন্থা থেকোৱে আদালতে পুৰিমা আদালত ভোকে কাৰাগাৰে গ্ৰেণ্ডেণ কৰে। থেকোৱে কাণ্ডেশ্বৰ জেলা আইজিৰী সমিতিৰে সাৰেৰে সাধাৰণ সম্পাদক ছিলে।

বিশ্বনাথ মেট্ৰোপলিটন পুৰিশেৰে কাউণ্ডাৰী মন্থা ভাৱেগুও কৰ্মকৰ্তা (বেল) সন্জিত শুদ্ধ নাথ পুৰিশীতি নিকিত কৰে বেলো, ৰফিকুল ইশামান থেকোৱেৰে বেকৈয়েহে কাণ্ডেশ্বৰী মেল্লে থানাৰ দ্বিতীয়া মহানগৰে। সেই মহানগৰ সোবাৰেৰে সকালে পুৰিশা অভিনাৱ চলিয়ে তাৰ নিজ বাপা থেকে গ্ৰেণ্ডেৰে কাৰাৰে ৰফিকুল ইশামান থেকোৱে আওয়ামী লীগা সদন্যেৰে আমলে বৰিশা মহানগৰ আওয়ামী লীগেৰে সাধাৰণ সম্পাদক জেৱোৱায়াত ২ এৰ পাতাৰে শুয়েন



হাতে সংঘটিত গুম, খুন ও গণহত্যার বিচার দাবিতে নতুন এ কর্মসূচি দেওয়া হয়েছে। সোমবার (২২ জুন) এনসিপির দপ্তর মেসার্স সাদিয়া ফারজানা দীনা স্বাক্ষরিত জরুরি নির্দেশনায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, আওয়ামী ফ্যাসিস্ট কর্তৃক সংঘটিত সব গুম, খুন ও গণহত্যার বিচার নিশ্চিত করার দাবিতে এনসিপি ঘোষিত কর্মসূচি সফল করার লক্ষ্যে সংগঠনের সব জেলা ও মহানগর শাখাকে মঙ্গলবার (২৩ জুন) বিকেল ৫টায় নিজ নিজ জেলা শহর ও মহানগর এলাকায় বিক্ষোভ সমাবেশ আয়োজনের নির্দেশ দেওয়া হলো। নির্দেশনায় বলা হয়, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সারা দেশে একযোগে এ কর্মসূচি পালন করা হবে। জেলা ও মহানগর পর্যায়ের নেতাকর্মীদের সর্বাত্মকভাবে কর্মসূচি সফল করার নির্দেশ দেওয়া হয়েছে। এনসিপি নেতারা জানান, দেশের বিভিন্ন সময়ে সংঘটিত গুম, খুন ও মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলোর সূচ্যু বিচার নিশ্চিত করতেই এ আন্দোলন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এনসিপি ঘোষিত কর্মসূচি অনুযায়ী, মঙ্গলবার বিকেল ৫টায় দেশের প্রতিটি জেলা ও মহানগর শহরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হবে।

প্রতিষ্ঠাবার্ষিকীতে অস্থিরতা

জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ। সোমবার (২২ জুন) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন তিনি। মঙ্গলবার আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী কেন্দ্র করে ছয় জেলায় সেনাবাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত হয়েছে। কোনো নাকশতার আশঙ্কা আছে কি না- জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘?’আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়নি। কিন্তু শৃঙ্খলা বাহিনী হিসেবে এবং আমাদের সবসময় সতর্ক থাকতে হয়। কার্যক্রম নিষিদ্ধ যে মাফিয়া বাহিনী আওয়ামী লীগের কিছু অপতৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। বিভিন্ন জেলায় আমরা দেখছি, তারা মিছিল-মিটিং করার মতো কিছু কার্যক্রম করতে নিয়েছে, দু-একটা জায়গায় দেখছি। তাতে আমাদের মনে হয়েছে, তারা হয়তো একটা অস্থিরতা সৃষ্টির পায়তারা করলেও করতে পারে। এ বিবেচনায় আমরা আমাদের সব বাহিনীকে সতর্ক থাকার জন্য নির্দেশনা দিয়েছি, যা সবসময় থাকে।’তিনি বলেন, ‘এর বাইরে আমরা আজ থেকে ৩০ তারিখ (জুন) পর্যন্ত আমাদের সেনা সদস্যদের আবার ইন এইড টু সিভিল পাওয়ার আইন মোতাবেক ঢাকা মেট্রো, চট্টগ্রাম মেট্রো, নারায়ণগঞ্জ, গাজীপুর মেট্রো এবং এর বাইরে দুটো জেলা, তাতে আমরা (সেনাবাহিনী) ডেপ্লয় (মোতায়েন) করেছি, যাতে যে কোনো রকমের অপতৎপরতা প্রত্বে সকা করা যায়, ইন এইড টু সিভিল পাওয়ার।’ পুলিশের প্রতি যে অনাস্থা তৈরি হয়েছে, সেখানে সেনাবাহিনী ভূলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়, আবার ইন জেলায় সেনা মোতায়েনের সিদ্ধান্ত- এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘এখানে আস্থা-অনাস্থার প্রশ্ন আসে কেন? আমাদের পুলিশ বাহিনী যে সমস্ত কৃতিত্বপূর্ণ কার্যক্রম করেছে, অ্যাচিভমেন্ট আছে, সবগুলো যেন আমরা পুরস্কৃত করেছি। দুই-একটা জায়গায় যেখানে একটা শৃঙ্খলাপন্থী কর্মকাণ্ড করেছে, তাদেরকে আমরা পানিশ করেছি। এখানে আস্থাহীনতার তো কোনো বিষয় নেই। আমরা সবসময় প্রয়োজনীয় ক্ষেত্রে ইন এইড টু সিভিল পাওয়ার, মাঝে মধ্যে বিজিবিকে আনি, মাঝে মধ্যে সেনা সদস্যদেরকে আমরা নিয়োগ করি, দিস ইজ আ রুটিন ওয়ার্ক।’ পুলিশ কি আইনশৃঙ্খলা রক্ষা করতে পারছে না- এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘গত ১৫ জুন সারা বাংলাদেশ থেকে সেনা সদস্যদের প্রত্যাহার করা হয়েছে, যারা দীর্ঘ প্রায় দেড় বছর ব্যবৎ নাটো ছিল, ইনটেরিয় গভর্নমেন্টের সময় ছিল। কিন্তু আমরা নির্বাচিত সরকারের আসার পরে আমরা যত শীঘ্রই সম্ভব তাদেরকে মাঠ থেকে প্রত্যাহার করা হয়েছে। কিন্তু এখন যেটা আমরা কয়েকটা জায়গায় ডেপ্লয় করতে যাচ্ছি, সেটার সাথে হুই পরিস্থিতির কোনো মিল নাই, এটা ইন এইড টু সিভিল পাওয়ার।’ এ ছয় জেলায় সেনাবাহিনী পুলিশকে সহযোগিতা করবে বলেও জানান সালাউদ্দিন আহমদ।

বাজেট অধিবেশনে মন্ত্রীদের

সাইফুল আলম খান মিলন। এসময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদও সংসদে মন্ত্রীদের আরও বেশি উপস্থিতি দেখতে চান বলে উল্লেখ করেছেন। সোমবার (২২ জুন) স্পিকারের সভাপতিত্বে সংসদের বৈঠকে বিষয়টি উপাধান করেন জমায়াতেরে এরাপি। সাইফুল আলম খান মিলন বলেন, আমি লক্ষ্য করছি বাজেট অধিবেশনে অধিকাংশ সময় আমাদের অধিকাংশ মন্ত্রীরা থাকেন না। আমরা এতকিছু নোট করে নিয়ে

আসি...। আমাদের সরকারি দল, বিরোধী দল, সবাই বক্তব্য দেন। কিন্তু মন্ত্রীদের অনেকে উপস্থিত থাকেন না। তিনি বলেন, এখানে দেখেন স্বাস্থ্যমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, অনেক মন্ত্রী নাই। মন্ত্রীদের চেয়ার সব খালি। এ ব্যাপারে আপনার সহযোগিতা চাচ্ছি, মাননীয় স্পিকার। জবাবে স্পিকার বলেন, বাজেট অধিবেশনে মন্ত্রীদের আরও উপস্থিতি দেখতে চাই। শোকর করেন যে, অর্থমন্ত্রী অন্তত আহেনে এখানে। কিন্তু অন্য মন্ত্রীদেরও অনুরোধ জানাবো, বাজেট সেশন গুরুত্বপূর্ণ সেশন, উনারা থাকলে আমরা বাধিত হবে। এরপর চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেন, অনেক মন্ত্রী রাষ্ট্রীয় বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন, তবে সংসদে তাদের উপস্থিত থাকা উচিত। তিনি বলেন, বাস্তবতাটা হলো এই যে অনেকে রাষ্ট্রীয় কাজে বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন, এটা দেখি। তবে সংসদে তাদের আসা উচিত, এলে ভালো হয়। নূরুল ইসলাম মনি বলেন, অর্থমন্ত্রী আগাগোড়াই এখানে উপস্থিত আছেন। বাজেট সংক্রান্ত বিষয়ে যদি কথা বলা হয়, অর্থমন্ত্রী এখানে আছেন, তিনি বলবেন। তিনি স্বাস্থ্য খাতের কথা বলবেন, বিদ্যুৎ খাতের কথাও বলবেন, পুলিশের কথাও বলবেন, আইনের কথাও বলবেন। সব কথা অর্থমন্ত্রী বলবেন। সে কারণে বাজেট অধিবেশনে তিনি প্রজেক্ট থাকেন। তিনি বলেন, আমাদের দলের মহাসচিব ও এলজিআরডি মন্ত্রী সবসময় উপস্থিত থাকেন। অন্য মন্ত্রীরাও থাকেন। তবে আমি আশা করবো, অন্য যারা অনুপস্থিত তারা যেন উপস্থিত থাকেন এবং সংসদ অধিবেশন উপভোগ করেন। চিফ হুইপ বলেন, মন্ত্রীরা যেন সরকারি ও বিরোধী দলের সদস্যদের সব কথা মনোযোগ সহকারে শোনেন এবং সেগুলোর সমাধানের ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করেন।

মালয়েশিয়া সফর শেষে

স্থানীয় সময় বিকেল ৫টায় কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বাংলাদেশ বিমানের বিশেষ ফ্লাইটে রওনা হয়েছেন বলে গণমাধ্যমকে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন, ‘মালয়েশিয়া থেকে চীনের দালািয়ানের’ উদ্দেশে প্রধানমন্ত্রী তারেক রহমান যাত্রা শুরু করেছে। দালািয়ানে দুদিন কর্মব্যস্ত কর্মসূচিতে থাকবেন। এরপর প্রধানমন্ত্রী চীনের রাজধানী বেইজিং যাবেন। সেখানে চীনে প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফরের মূল কর্মসূচি শুরু হবে।’ দালািয়ানে বিশ্ব আন্তর্জাতিক অর্থনৈতিক ফোরামের বার্ষিক সম্মেলনে যোগ দেনেন প্রধানমন্ত্রী তারেক রহমান। কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরের বুশা রায় কমপ্লেক্সের এক্সপ্লসিভ ভিআইপি টার্মিনালে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে বিদায় জানান মালয়েশিয়ার ধর্মমন্ত্রী জুলাফরান্দা হাসান। এই সময়ে বাংলাদেশে নিযুক্ত হাইকমিশনার মনজুরুল করিম ও ডেপুটি হাইকমিশনার শাহাদান মলিকা উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রীর দুই দিনের মালয়েশিয়া সফরে দুই দেশের পারস্পরিক স্বার্থকে প্রাধান্য দিয়ে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি করে অর্থনৈতিক সহযোগিতা আরও কীভাবে শক্তিশালী করা যায়, সে বিষয়ে আলোচনা হয়েছে। দুই দেশ মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সইয়ের লক্ষ্যে আলোচনা এগিয়ে নেওয়ার বিষয়ে সম্মত হয়েছে। প্রযুক্তি,বিনিয়োগ ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে শিল্প ও ব্যবসা খাতে সহযোগিতা বাড়িয়ে নতুন কর্মসংস্থান ও অর্থনৈতিক সুযোগ তৈরিতে একসঙ্গে কাজ করার বিষয়েও আলোচনা হয়।

একইসঙ্গে হালাল শিল্প ও হালাল ব্যবসার সম্ভাবনার ওপর গুরুত্বারোপ করা হয়। এ খাতে মালয়েশিয়ার অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাংলাদেশে হালাল পণ্য, সনদ প্রদান ব্যবস্থা, দক্ষ জবলব তৈরি এবং গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমে সহযোগিতা বাড়ানোর বিষয়ে তারা একমত হয়েছেন। এছাড়াও বৈঠকগুলোতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), ডিজিটাল অর্থনীতি, সাইবার নিরাপত্তা ও আর্থনিক প্রযুক্তি খাতে সহযোগিতা বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি বাংলাদেশের তথ্য প্রযুক্তি খাতে, বিশেষ করে প্রযুক্তি পার্ক ও অর্থনৈতিক অঞ্চলে, মালয়েশিয়ার বিনিয়োগ বৃদ্ধির বিষয়েও গুরুত্বারোপ করা হয়েছে। সফরে বাংলাদেশিদের জন্য পুনরায় মালয়েশিয়ার শ্রমবাজার খুলে দিতে দেশটির সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তারেক রহমান। প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার পর মালয়েশিয়া ছিল তারেক রহমানের প্রথম বিদেশ সফর।

সাবেক প্যানেল মেয়র রফিকুল

সাদিক আব্দুল্লাহর ঘনিষ্ঠজন ছিলেন। তিনি বরিশাল ল কলেজের সাবেক ভিপি। জুলাই অভ্যুত্থান পরবর্তী তিনি আত্মগোপনে গেলেও সম্প্রতি তিনি বরিশাল ফেরত।

প্রাথমিকে শিক্ষক বদলি-পদায়নে চার

বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তির জন্য গঠিত কমিটির সভাপতি থাকবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব। কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং সদস্যসচিব থাকবেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিদ্যালয়)। কমিটি প্রতি মাসে অন্তত একবার সভা করে বদলির আবেদন নিষ্পত্তি করবে এবং বিস্তারিত প্রতিবেদন মন্ত্রীর অনুমোদনের জন্য পাঠাবে। আন্তঃবিভাগ শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে সভাপতি করে বিভাগীয় কমিটি গঠন করা হয়েছে। পাঁচ সদস্যের এ কমিটিতে বিভাগীয় উপপরিচালক (মাধ্যমিক ও উচ্চশিক্ষা) এবং সভাপতির মনোনীত দুইজন গণ্যমান্য ব্যক্তি সদস্য হিসেবে থাকবেন। সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)। একই বিভাগের মধ্যে, তবে সিটি করপোরেশন এলাকার বাইরে, সরকারী শিক্ষকদের বদলির আবেদন বিভাগীয় কমিটির অনুমোদনের ভিত্তিতে নিষ্পত্তি হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) বদলির আদেশ জারি করবেন। জেলা পর্যায়ে শিক্ষকদের পদায়ন এবং কর্মরত শিক্ষকদের বদলির আবেদন নিষ্পত্তির জন্য জেলা প্রশাসককে (ডিসি) সভাপতি করে জেলা কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্য হিসেবে থাকবেন জেলা শিক্ষা কর্মকর্তা এবং সভাপতির মনোনীত দুইজন গণ্যমান্য ব্যক্তি। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের লটারির মাধ্যমে উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পদায়নে দায়িত্বও জেলা কমিটিও ওপর ন্যস্ত করা হয়েছে। একই জেলার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন জেলা কমিটির অনুমোদনের ভিত্তিতে দায়িত্ব পালন করবেন। উপজেলা বা থানা পর্যায়ে শিক্ষকদের বদলির আবেদন নিষ্পত্তির জন্য উপজেলা বা থানা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) সভাপতি করে উপজেলা/থানা কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং সভাপতির মনোনীত দুইজন গণ্যমান্য ব্যক্তি সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। উপজেলা বা থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। একই উপজেলা বা থানার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন কমিটির অনুমোদনের ভিত্তিতে উপজেলা বা থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নিষ্পত্তি করবেন এবং বদলির আদেশ জারি করবেন। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, যেসব বিদ্যালয়ে শিক্ষকরা আগে ‘প্রতিস্থাপন সাপেক্ষে’ বদলির আদেশ দিয়েছেন, সেসব বিদ্যালয়ে অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষক পদায়ন নিশ্চিত করতে হবে।

সাইবার বুলিংয়ের শিকার বরিশালের

নারী। বরিশাল সরকারি মহিলা কলেজের অনার্স চতুর্থ বর্ষের শিক্ষার্থী তানজিন সিকা বলেন, ‘সামাজিক যোগাযোগ মাধ্যমে এখন স্বাধীনভাবে একটা ছবি পোস্ট করার পরিবেশও নেই। ফেক আইডি খুলে ছবি বিকৃত করে ব্ল্যাকমেইল করা এখন নিত্যদিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছে। আমরা মেয়েরা প্রতিনিয়ত এক ধরনের মানসিক ট্রমার মধ্য দিয়ে যাচ্ছি।’ একই সূর বরিশাল কলেজিটেরে স্কুল অ্যাড কলেজের উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীর সানজিদার কণ্ঠে। তিনি বলেন, ‘ইনবক্সে অপরিচিত আইডি থেকে নোরাও ও আপত্তিকর প্রস্তাব আসাটা এখন নিয়মিত বিষয়। অনেক সময় এসবের প্রতিবাদ করতে গিয়ে উল্টো বুলিংয়ের শিকার হতে হয়। সাইবার অপরাধীদের কঠোর শাস্তি না হলে নিরাপত্তা নিশ্চিত হবে না।’ সরকারি বিএম কলেজের শিক্ষার্থী সুমি হক নিজেসর অভিজ্ঞতা ও উদ্বেগ প্রকাশ করে বলেন, ‘অনেক সময় পরিচিত বা অপরিচিত মানুষজন ফেক আইডি তৈরি করে কমেন্ট বক্সে চরিত্র হননের চেষ্টা করে। লোকলজ্জার ভয়ে অনেকেই এগুলো মুখ বুজে সহ্য করে, যা পরবর্তীতে বড় ধরনের মানসিক বিপর্যয়ের সৃষ্টি করে। এই নোরা খেলা বন্ধ হওয়া জরুরি।’ এদিকে ভার্সাল অপরাধ ঠেকাতে বরিশালে নারীদের সাইবার নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধিতে কাজ করছে জাতীয় মহিলা সংস্থা। এ বিষয়ে সংস্থাটির নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. ফারহানা আইরিছ বলেন, ‘সাইবার বুলিংয়ের শিকার নারীদের সিংহভাগই ডরুনী। আমরা তাদের সচেতনতা বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কাজ করছি। তবে শুধু সচেতনতা নয়, নারীদের আইনি অধিকার সম্পর্কেও জানতে হবে এবং যেকোনো হেনস্তার বিরুদ্ধে শুরুতেই আওয়াজ তুলতে হবে।’ আদালত সূত্রঃ জানা গেছে, বর্তমানে বরিশাল সাইবার ট্রাইব্যুনাল আদালতে ৫৩৬টি মামলা বিচারাধীন রয়েছে। এর মধ্যে ১৮০টি সাইবার ট্রাইব্যুনাল মামলা, ৩৪৭টি সাইবার ট্রাইব্যুনাল পিটিশন মামলা এবং ৯টি জিডি রয়েছে। উচ্চ আদালতের নির্দেশে বিচার কার্যক্রম স্থগিত রয়েছে ১০টি মামলার। বেসরকারী সংস্থা আঁচল ফাউন্ডেশনের তথ্য মতে, সাইবার বুলিংয়ের শিকার হয়ে গত ৩ বছরে বরিশাল বিভাগে আত্মহত্যার পথ বেছে নিয়েছেন অন্তত চার নারী। এদের মধ্যে ২০২৩ সালের ১২ মার্চ বরগুনার তালতলীতে মেয়ের আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়ার অপমানে মা আত্মহত্যা করেন। এছাড়া ২০২৫ সালে দুইজন নারী শিক্ষার্থী এবং সবশেষে চলতি বছরের ১৫ জুন পিরোজপুরের জিয়ানারদে সপ্তম শ্রেণিতে পড়ুয়া এক স্কুলছাত্রীর ব্যক্তিগত ছবি ছড়িয়ে পড়ায় আত্মহত্যার পথ বেছে নেন। ৭এমন পরিস্থিতিতে সচেতনতা বাড়ানোর সঙ্গে জেলাভিত্তিক বিশেষ সেলের মাধ্যমে আইনি ও মানসিক সহায়তা দেয়ার কথা বলছে বিভাগীয় প্রশাসন। বরিশাল বিভাগীয় কমিশনার খলিলুর রহমান জানান, ‘সাইবার অপরাধীদের আইনের আওতায় আনতে প্রশাসন তৎপর রয়েছে। নারীদের সাইবার সুরক্ষায় এবং তাদের আত্মহত্যার ঝুঁকি ও মানসিক সহায়তা দিতে জেলাভিত্তিক বিশেষ সেল গঠনের কাজ শুরু হয়েছে। একই সাথে অভিভাবকদের সচেতনতা বাড়ানোর আহ্বান জানান তিনি।’

হামের উপসর্গে তিন শিশুর

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১৬০ জন শিশু। এসময়ে হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৯৬৫। মোট আক্রান্ত হয়েছে ১ হাজার ১২৫ জন। তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে সোমবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৩ হাজার ৭৫৫, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ১৭১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৭৭ হাজার ৭৪৩ রোগী, যাদের মধ্যে ৭৩ হাজার ৯৮৫ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেয়ে।

জিয়াউল আহসানের বিচার

আহসানের পক্ষে আইনজীবী হিসেবে রয়েছেন তার বোন নাজনীন নাহার। তিনি কখনও আইনজীবীর অসুস্থতা বা মৃত্যুর কারণ দেখিয়ে, আবার কখনও বিভিন্ন নথি চেয়ে আবেদন করছেন। প্রসিকিউশনের মতে, এসব আবেদন মানবতাবিরোধী অপরায়ে মামলার বিচার বিলম্বিত করার কৌশলের অংশ। আমিনুল ইসলাম বলেন, তারা ট্রাইব্যুনালে এসে শুধু সময় চাইতে থাকেন। আগামী শুনানি থেকে জিয়াউল আহসান বা তার আইনজীবীরা যদি অসং উদ্দেশ্যে আবেদন করে বিচারপ্রক্রিয়া বিলম্বিত করার চেষ্টা করেন, তাহলে প্রসিকিউশন আরও কঠোরভাবে এর বিরোধিতা করবে। তিনি জানান, মামলাটিতে ২১ জুন একজন গুরুত্বপূর্ণ সাক্ষী জবানবন্দি দিয়েছেন এবং সোমবার তার জেরা হওয়ার কথা ছিল। কিন্তু শুনানির আগে জিয়াউল আহসানের পক্ষে আইনজীবী নাজনীন নাহার তিন থেকে চারটি আবেদন করেন। আমিনুল ইসলাম বলেন, আবেদনগুলোর মধ্যে কেবল আসামির সঙ্গে সাক্ষাতের অনুমতির আবেদনটির বিরোধিতা করা হবার, কারণ এটি একজন আইনজীবীর অধিকার। ট্রাইব্যুনালও ওই আবেদন মঞ্জুর করেছে। তবে বাকি আবেদনগুলোকে তিনি সম্পূর্ণ অপ্রাসঙ্গিক বলে মন্তব্য করেন।

বরিশালে সবজির দাম

৫০ থেকে ৬০ টাকা, শসা ৩০ টাকা, বেগুন ৮০ থেকে ৯০ টাকা, করলা ৫০ টাকা, পেঁপে ২৫ থেকে ৩০ টাকা, লাউ প্রতি পিস ৩০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা, টমেটো (হিঙ্গ্যান) ৯০ থেকে ১০০ টাকা, চিচিঙ্গা ২০ টাকা, ঝিঙে ২৫ থেকে ৩৫ টাকা, টেঁড়স ৩০ টাকা, পটল ২০ টাকা, লেবু হালি ১২ থেকে ১৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে কিছু দিন ধরেই বরিশালের বাজারে ত্রয়লার মুরগির দাম প্রতি কেজি ১৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৭০ থেকে ২৮০ টাকা এবং লেগার ২৯০ থেকে ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস ৮০০ টাকা ও খাসির মাংস ১২০০ টাকা কেজি বিক্রি হচ্ছে। পোট রোড বাজার করতে আসা মুদ্র বব্যসায়ী মুশফিরুর রহমান বলেন, আগে এক হাজার টাকা নিয়ে বাজারে আসলে মাহ সবজি দুটোই কেনা যেতো, এখন এক হাজার টাকায় এক ধরনের মাহই কেনা যায় না। এছাড়া ইলিশ তো এখন সাধার্নে বাইরে চলে গেছে। নগরীর বাজারবাজারের খুচরা ব্যবসায়ী তৌহিম বলেন, পাইকারি বাজার থেকে সবজি কিনে লেবার খরচ, ভ্যান ভাড়া দিয়ে আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হলে ইজারা, বিদ্যুৎ বিল দিতে হয়। যে কারণে পাইকারি বাজারের তুলনায় খুচরা বাজারে দাম কিছুটা বেশি।

দেশে টিভি চ্যানেল ৫৯টি

দেওয়ান মোহাম্মদ সালাউদ্দিন তার প্রপ্নে জানতে চান, এই মুহুর্তে দেশে প্রাইভেট টিভি চ্যানেল কতগুলো এবং কী-কী? দৈনিক পত্রিকা এবং অনলাইন পত্রিকার সংখ্যা কতটি এবং কী-কী? জবাবে জহির উদ্দিন শ্বপন বলেন, বর্তমানে দেশে রাষ্ট্রীয় মালিকানাধীন টিভি চ্যানেলের সংখ্যা ৪টি এবং অনাপত্তি প্রদানকৃত বেসরকারি টিভি চ্যানেলের সংখ্যা ৫৫টি। বর্তমানে রাষ্ট্রীয় মালিকানাধীন ৪টিসহ ৩৯টি চ্যানেল সম্প্রচার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। মন্ত্রী জানান, সারাদেশ থেকে বর্তমানে প্রকাশিত

দৈনিক পত্রিকার সংখ্যা ১ হাজার ৪৩৬টি। এর মধ্যে ঢাকা থেকে প্রকাশিত ৫৯৩টি ও অন্যান্য জেলা থেকে প্রকাশিত ৮৪৩টি। নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের সংখ্যা ৪৭৪টি। এর মধ্যে অনলাইন নিউজ পোর্টাল ক্যাটাগরিতে ২৮২টি, দৈনিক পত্রিকার অনলাইন নিউজ পোর্টাল ক্যাটাগরিতে ১৩১টি ও অনলাইন নিউজ পোর্টাল (আঞ্চলিক) ক্যাটাগরিতে ৬১টি।

অভিন্ন প্রশ্নপত্রে এইচএসসি

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, এছাড়া আগামী তিন মাসের মধ্যে ৫০ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ দিতে পারব বলে আশা করছি। তিনি মাদরাসা শিক্ষকদের মে ও জুন মাসের বেতন না পাওয়ার বিষয়েও দৃগ্ধ প্রকাশ করেন। বক্তব্যে তিনি বলেন, আমরা ভাগ্যবান, তারেক রহমানের মতো একজন প্রধানমন্ত্রী পেয়েছি। আমার এই বয়সে বিশ্বপরিমণ্ডলে তারেক রহমানের মতো কোনো প্রধানমন্ত্রী দেখেছি বলে মনে হয় না। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী-৪ আসনের সংসদ সদস্য আলহাজ মো. শাহজাহান, নোয়াখালী-৫ আসনের সংসদ সদস্য মো. ফখরুল ইসলাম, বাংলাদেশ শিক্ষাবিদ মঞ্জুর কামিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ, নোবিব্লির উপচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী, জেলা প্রশাসক মুহাম্মদ শফিকুল ইসলাম, উপ-উপচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষক-শিক্ষার্থী এবং আমন্ত্রিত অতিথিরা। এর আগে শিক্ষামন্ত্রী কেক কেটে, পায়রা ডিঙিয়ে এবং বর্ণগা র্যালির মাধ্যমে বিশ্ববিদ্যালয় দিগন্তের উদ্বোধন করেন। পরে বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে বিভিন্ন ক্যাটাগরিতে ৫১ জন শিক্ষক ও শিক্ষার্থীর হাতে পুরস্কার ও আয়োর্ড তুলে দেন। অনুষ্ঠানের শেষ পর্বে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তার রুহের মাগফিয়াত কামনায় মিলাদ ও দেয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ছাত্রকে বলাৎকার করায় শিক্ষক

বিশ্বাস বলেন, এ ঘটনায় তদন্ত করা হয়েছে। অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ভোলা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম, ‘এ ঘটনায় ভুক্তভোগী শিক্ষার্থীর মা অভিযোগ দিয়েছেন। আমরা অভিযুক্তকে গ্রেফতারের চেষ্টা করছি।’

বরিশালে ২৩৪টি কেন্দ্রে শিশুদের

বিসিপিসি প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল বারী, সচিব রুক্ষা সিকদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. খন্দকার মঞ্জুরুল ইমাম শুভ, আঞ্চলিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক মিজ নিলুফা ইয়াসমিন, ইউনিসফের আঞ্চলিক প্রধান মো. কাওসার হোসাইন, বরিশাল জেলা সিভিল সার্জন ডা. মঞ্জুর ই-এ-ইলাহী এবং ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক নূরুল ইসলামসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিগণ। সভায় জানানো হয়, জাতীয় ভিটামিন ‘এ’ প্রাস ক্যাম্পেইন বাস্তবায়নে বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় মোট ২২০টি অস্থায়ী কেন্দ্র এবং ১৪টি স্থায়ী কেন্দ্রের মাধ্যমে এই কার্যক্রম পরিচালিত হবে। ক্যাম্পেইনে ৬ মাস থেকে ১১ মাস বয়সী ৮ হাজার ৯৫০ জন শিশুকে নীল রঙের এবং ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী ৪৯ হাজার ৭৬০ জন শিশুকে লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের আয়োজনে অনুষ্ঠিত এই কর্মসূচির বাস্তবায়নে সহযোগিতা করছে জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, জাতীয় সার্ভিসেবা, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এছাড়া সহযোগী সংস্থা হিসেবে রয়েছে ইউনিসফ ও নিউট্রিশন ইন্টারন্যাশনাল। সভায় বক্তরা ক্যাম্পেইনটি শতভাগ সফল করতে এবং প্রতিটি শিশুর কাছে ভিটামিন ‘এ’ ক্যাপসুল পৌঁছে দিতে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

নিষিদ্ধ আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী

নেতৃত্বদ এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অপ্রীতিকর ঘটনা এড়াতে নগরীর প্রবেশদ্বার ও গুরুত্বপূর্ণ মোড়গুলোতে অতিরিক্ত পুলিশ মোতায়েনের পাশাপাশি গোয়েন্দা নজরদারিও বাড়ানো হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এদিকে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে বরিশালে রাটিকা মিছিল করছেন দলটির নেতাকর্মীরা। একই সঙ্গে সম্ভাব্য নাকশতা ও অস্থিতিশীলতা ঠেকাতে মহানগর ও জেলার বিভিন্ন এলাকায় ব্যাপক অভিযান চালিয়ে শতাধিক নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। সোমবার (২২ জুন) দুপুরে বরিশাল নগরীর বগুড়া রোড এলাকায় হঠাৎ করে একটি মিছিল বের করেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। মিছিলটি নগরীর কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এ সময় অংশগ্রহণকারীরা বিভিন্ন ব্লোগান দেন এবং আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কর্মসূচির সার্থকনে বক্তব্য দেন। প্রত্যক্ষদর্শীরা জানান, মিছিলকারীদের হাতে থাকা ব্যানার-ফেস্টোনে বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর ছবি দেখা যায়। অনেকেই মুখে মাস্ক পরে মিছিলে অংশ নেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছানোর আগেই মিছিলকারীরা দ্রুত এলাকা ত্যাগ করেন। বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম জানান, নিষিদ্ধ সংগঠনের রাটিকা মিছিলের খবর পেয়ে পুলিশ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে যায়। তবে পুলিশ পৌঁছানোর আগেই অংশগ্রহণকারীরা সরে পড়েন। ঘটনার ভিডিও ফুটেজ সংগ্রহ করে সংশ্লিষ্টদের শনাক্তের কাজ চলছে।

দেশে ৭১ শতাংশ মৃত্যুর

অনুষ্ঠিত এই সভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশ কারিগরি সহযোগিতা প্রদান করে। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাংলাদেশ প্রতিনিধি ডা. আহমেদ জামশীদ মোহাম্মদ। সভায় মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণকে রতাকারের অন্যতম শীর্ষ অগ্রাধিকার হিসেবে উল্লেখ করেন। তিনি গতমুণ্ডতিক চিন্তাভাবনার বাইরে গিয়ে নতুন ও উত্তাবনী পদক্ষেপ গ্রহণ এবং সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। জনসচেতনতার তালি দিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, সুস্থ থাকার জন্য জনসাধারণকে হাঁটচালা ও কায়িক পরিশ্রম করতে হবে। কোনো কোনো দেশে জনসাধারণকে প্রতিদিন অন্তত ৩ কিলোমিটার হাঁটাচলা করতে দেখছি। আমরা যদি মানুষকে বুঝাতে পারি ওশুধু বা চিকিৎসার চেয়ে প্রতিরোধে জোর দেওয়া দরকার, তাহলে অসংক্রামক রোগে মৃত্যু অনেক কমে আসবে। বর্তমানে দেশে হৃদরোগ, ডায়াবেটিস, ক্যানসার, দীর্ঘস্থায়ী শ্বাসতন্ত্রের রোগ এবং মানসিক স্বাস্থ্য সমস্যার মতো অসংক্রামক রোগসমূহ মোট মৃত্যুর ১১ শতাংশেরও বেশির জন্য দায়ী। এর মধ্যে প্রায় ৫১ শতাংশ মৃত্যুই অকালপ্রাপ্ত, যা দেশের অর্থনৈতিক উৎপাদনশীলতা ও জাতীয় উৎসেই উন্নয়নে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে।

কবীর্ভনাথানা ৩

আত্মবৃত্তাচরিত্রাবলি

ওলামা দলের নেতার দোকান-বাড়ি

মো. বেয়াল্লের (২২) নেতৃত্বে প্রায় ২০ জন এই হামলা চালান। হামলায় গুরুতর আহত কালাম সরদারকে প্রাথমিক চিকিৎসা শেষে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। হামলার সময় দোকানের কাশ থেকে ১০ হাজার টাকা এবং বাড়ি থেকে স্বর্ণের চেইন দুটের অভিযোগ পাওয়া গেছে। এলাকাবাসী ও ভুক্তভোগীরা জানান, স্থানীয় মুদিদোকানদার মো. আনিছুর রহমান কলাপাড়া পৌর ওলামা দলের যুগ্ম সাধারণ সম্পাদক। রাত ৯টার দিকে তিনি দোকানে বসেছিলেন। এ সময় ২০ জনের একটি দল শ্রমিক লীগ নেতা কালাম সরদারকে ধাওয়া দিলে তিনি দৌড়ে ওই দোকানে ঢুকে যান। হামলাকারীরা দোকানে ঢুকে কলাপাড়ার ৯ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর কালাম সরদারকে মারধর করেন। একপর্যায়ে ব্যবসায়ী আনিছুর রহমানকেও আঘাত করেন। পরে কালাম সরদার পেছনের দরজা দিয়ে আনিছুর রহমানের ঘরে গিয়ে আশ্রয় নেন এবং দরজা বন্ধ করে দেন। ভুক্তভোগীরা আরও জানান, হামলাকারীরা প্রথমে বাড়ির দরজা ভেঙে ঘরে ঢুকে রড দিয়ে কালাম সরদারকে মারধর করে। তিনি অসুস্থ হয়ে পড়ে গেলেন হামলাকারীরা ওলামা দলের নেতা আনিছুর রহমানের স্ত্রী রোকসানা আভারকে রড দিয়ে আঘাত এবং গালিগালাজ করেন। এ সময় ঘরে থাকা রোকসানার পাঁচ বছরের নাতি আয়ান ভয় পেয়ে অজ্ঞান হয়ে যায়। এলাকাবাসী জানান, হামলায় নেতৃত্বে কলাপাড়া পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. নাইমের বাড়ি বাদুরতলী এলাকায়। তাঁর বাবার নাম মো. ইসমাইল। নেতৃত্বে থাকা আরেকজন হলেন মোজাহার উদ্দিন বিশ্বাস অর্দার কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক মো. বেয়াল। তাঁর বাড়ি নীলগঞ্জ এলাকায়। অন্যদিকে হামলায় আহত সাবেক কাউন্সিলর কালাম সরদার কলাপাড়া শ্রমিক লীগের সভাপতি ছিলেন। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মীরা যেন কোনো কর্মসূচি না করতে পারে, সে জন্য কালাম সরদারকে ধাওয়া ও তাঁর পুর হামলা চালানো হয় বলে জানান এলাকাবাসী। হামলায় আহত রোকসানা আভার বলেন, ‘আমি কিছু বুঝে ওঠার আগেই দেখি অনেক লোক আমার বাসার মধ্যে ঢুকে তাকব চালাচ্ছে। এ সময় আমি নাতিকে ভাত খাওয়াচ্ছিলাম। তারা রড দিয়ে আমার ডান হাতের কনুইয়ে আঘাত করেন। হামলার পর আমার গলায় থাকা আঁচ আনা ওজনের সর্পের চেইন খুঁজে পাচ্ছি না।’ হামলায় আহত ব্যবসায়ী আনিছুর রহমান বলেন, ‘ছোট থেকে বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত রয়েছি। কোনো দিন কোনো সুযোগ গ্রহণ করিনি। হামলার পর দোকানের ক্যাপে থাকা ১০ হাজার টাকা নেই। এই ঘটনার সূত্রে তদন্ত চাই।’ ৯ নম্বর ওয়ার্ডের বিএনপি নেতা মো. বশির উদ্দিন বলেন, ‘খবর পেয়ে এখানে এসেছি। এলাকাবাসীর কাছে শুনেছি। এ ধরনের ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি।’ কলাপাড়া ওলামা দলের সাধারণ সম্পাদক মাওলানা মো. আফজাল হোসেন বলেন, ‘আনিছ ভাই এবং তাঁর পরিবারের ওপর এ ধরনের হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। কলাপাড়া ওলামা দল এ ব্যাপারে উপজেলা বিএনপির সঙ্গে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ নেবে।’ কলাপাড়া উপজেলা ছাত্রদলের সভাপতি কাজী ইয়াদুল ইসলাম তুহার বলেন, ‘হামলার খবর পেয়ে আমি ঘটনাস্থলে গিয়েছি। কিছু ভাঙুড়েরে আলামনে পেয়েছি। উপজেলা বিএনপি এবং পৌর বিএনপির সিনিয়র নেতৃবৃন্দকে জানাব।’

কাউখালীতে অনিয়মিত উপস্থিতির

কার্যদিবসের মধ্যে বিদ্যালয়ে অনিয়মিত উপস্থিতি এবং অনুমতি ছাড়া অনুপস্থিতি থাকার কারণ ব্যাখ্যা করতে বলা হয়েছে। নোটিশপ্রাপ্ত শিক্ষকরা হলেন ইংরেজি বিভাগের সহকারী শিক্ষক মো. আসলাম গাজী, সামাজিক বিজ্ঞান বিভাগের সহকারী শিক্ষক মো. আব্দুস সাত্তার, গণিত বিভাগের সহকারী শিক্ষক দীপঙ্কর মিস্ত্রি এবং ইসলাম ধর্ম বিষয়ক সহকারী শিক্ষক এবাদুর রহমান। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোক চন্দ্র হালদার বলেন, “রমজান উপলক্ষে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ ছিল। পরে মে মাসে শিক্ষকদের নিয়মিত উপস্থিতির বিষয়ে সতর্ক করে সকলকে যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু এক মাসের পর্যবেক্ষণে চারজন শিক্ষকের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা ও অনিয়মিত উপস্থিতির অভিযোগ পাওয়া যায়। এর পরিত্রেক্ষিতে তাদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।” তিনি আরও জানান, নোটিশের জবাবে সংশ্লিষ্ট শিক্ষকরা পারিবারিক সমস্যা, যানবাহনের সংকট ও যাতায়াতজনিত সমস্যার কথা উল্লেখ করেছেন। প্রধান শিক্ষক বলেন, “বিদ্যালয়ে বর্তমানে ১৯৩ জন শিক্ষার্থী রয়েছে। তাদের পাঠদানের স্বার্থে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি অত্যন্ত জরুরি।” তিনি আরও জানান, বিদ্যালয়ে বর্তমানে ১৭ জন শিক্ষকসহ মোট ২৩ জন শিক্ষক-কর্মচারী কর্মরত রয়েছেন। এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশপ্রাপ্ত চারজন শিক্ষকের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন রিসিভ না করায় তাদের বক্তব্য পাওয়া সম্ভব হয়নি। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, নোটিশের জবাব পর্যালোচনা করে সন্তোষজনক না হলে শিক্ষা বিধিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাণ্ডারিয়ায় বিপুল পরিমাণ

ও বাগদা চিড়ির রেণু পোনা দেশের বিভিন্ন স্থানে পাচারের উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে একটি সংঘবদ্ধ ও প্রভাবশালী সিন্ডিকেট সক্রিয় রয়েছে। সিন্ডিকেটটি বছরের পর বছর ধরে ভাণ্ডারিয়া রুট ব্যবহার করে রেণু পোনা পরিবহন ও পাচার কার্যক্রম পরিচালনা করে আসছে। ওই সিন্ডিকেটের তৎপরতারোহে ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসানের নেতৃত্বে পরিবাহী (২১ জুন) রাতভর ভাণ্ডারিয়া ওভারব্রিজ এলাকায় চেকপোস্ট স্থাপন করে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে বিপুল যানবাহনে তত্ত্বাশি চালিয়ে অবৈধভাবে পরিবহন করা বিপুল পরিমাণ গলদা ও বাগদা চিড়ির রেণু পোনা জব্দ করা হয়। অভিযানের এক পর্যায়ে রাত ২টার দিকে একটি মোটরসাইকেল আটক করে তত্ত্বাশি চালানো হয়। এ সময় মঠবাড়িয়া উপজেলার সাফেলজা এলাকার সাহেব আলীর ছেলে মো. ফিরোজ এবং একই এলাকার আব্দুল হক ফরাজীর ছেলে মো. হানিফ ফরাজীর কাছ থেকে চারটি প্রাস্টিকের ড্রামে রাখা গলদা ও বাগদা চিড়ির রেণু পোনা জব্দ করা হয়। পরে সোমবার (২২ জুন) সকাল ঘটার দিকে একটি মাইক্রোবাসে তত্ত্বাশি চালিয়ে পাথরঘাটা উপজেলার চরদোয়ারী তালুকের চর এলাকার আ. মান্নান হাওলাদারের ছেলে মো. নজরুল ইসলামকে আটক করা হয়। এ সময় মাইক্রোবাসে থাকা ১৪টি ছোট-বড় প্রাস্টিকের ড্রাম থেকে আরও রেণু পোনা জব্দ করা হয়। অবৈধভাবে চিড়ির রেণু পোনা পরিবহনের দায়ে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনে এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। আদালত মো. নজরুল ইসলামকে ১ লাখ টাকা এবং মো. ফিরোজ ও মো. হানিফ ফরাজীকে ১৫ হাজার টাকা করে মোট ৩০ হাজার টাকা জরিমানা করেন। অভিযান শেষে জব্দকৃত রেণু পোনা ভাণ্ডারিয়া উপজেলার পোনা নদীতে অবমুক্ত করা হয়, যাতে প্রাকৃতিক জলাশয়ে মাছের প্রজনন ও জীববৈচিত্র্য সংরক্ষণে সহায়ক ভূমিকা রাখে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসান বলেন, চিড়ির রেণু পোনা নির্বিচারে আহরণ ও পাচারের ফলে নদ-নদীর প্রাকৃতিক মৎস্যসম্পদ মারাত্বকভাবে ক্ষতিগ্রস্ত হয়। মৎস্যসম্পদ রক্ষা এবং জলজ জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে এ ধরনের অবৈধ কর্মকাণ্ডের বিরুদ্ধে উপজেলা প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে। আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

চরফ্যাশনে কোটি টাকার ইলিশ

প্রতিবেদন সংযুক্ত করে এ রিট করা হয়। ওই প্রতিবেদনে বলা হয়, ভোলার চরফ্যাশন থেকে ব্যবসায়ীদের বৈধভাবে ক্রয় করা কোটি টাকার ইলিশ চাকায় পরিবহনের পথে জব্দ করা হয়। পরে মাদ্রাসা ও এতিমখানায় কিছু মাছ বিতরণের নামে বেশিরভাগ মাছ লুটপাটের অভিযোগ ওঠে। এতে আরও অভিযোগ করা হয়, জন্দের পর ওই মাছের একটি অংশ বরিশালে নিয়ে বিক্রি করে অর্থ আত্মসাৎ করা হয়েছে। জেলা শহরের কালিনাথ বাজার এলাকায় ৩টি ট্রাকে ১৫৫টি ককসিটে বোঝাই বড় আকারের ইলিশ মাছ জব্দ করে। কোস্ট গার্ড দক্ষিণ জোনের অপারেশন টিম। ওই মাছের ক্রয়মূল্য ছিল ৯৪ লাখ ২ হাজার ৭৮৪ টাকা। ক্ষতিপূরণসহ হয়রানির বিচার দাবি করে জেলা প্রশাসক বরাবর লিখিত আবেদন করেন সামরাজ মৎস্য আড়ত মালিক সমিতির পক্ষে মো. তারেক আজিজ পাটোয়ারী। জেলা প্রশাসক ডা. শামীম রহমান বলেন, বিষয়টি তাদের নজরে এসেছে। তবে ইলিশ মাছ সাপরের নাকি নদীর-এটি বিশেষজ্ঞরা নির্ধারণ করতে পারবেন। বিষয়টি খতিয়ে দেখতে মৎস্য বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে। জেলা মৎস্য কর্মকর্তা মো. ইকবাল হোসাইন জানান, ইলিশ মাছ সাপরের নাকি নদীর তা স্বাভাবিকভাবে আলাদা করা যায় না। গভীর সাগর থেকে মাছ ধরে উপকূল আনার পথে জব্দ হলে তা সাপরের মাছ হিসেবে বিবেচিত হতে পারে। তবে আলোচিত ইলিশগুলো জেলা শহরের কালিনাথ বাজার এলাকায় ট্রাকে পরিবহনের সময় জব্দ করা হয়। তিনি আরও বলেন, এ ক্ষেত্রে আইনশৃঙ্খলা বাহিনীর আরও যাইচ-বাছাই করা প্রয়োজন ছিল। স্থলপাশ থেকে এসব মাছকে সাপরের মাছ হিসেবে জব্দ করা মৎস্য আইনের পরিপন্থি বলেও তিনি মন্তব্য করেন। এদিকে গভীর সাগরে ১৫ এরিয়ে থেকে ১১ জুন পড়ে ৫৮ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা চলছে। ওই সময় সামুদ্রিক মাছ আহরণ বন্ধ রাখার বিধান রয়েছে। কোস্ট গার্ড ওই ইলিশকে সামুদ্রিক মাছ উল্লেখ করে জব্দ করে। তবে মাছ ব্যবসায়ীরা দাবি করেন, এসব মাছ নদী ও মোহনা থেকে ধরা হয়েছে। কোস্ট গার্ড দপ্তরে ইলিশ ক্রয় ও নদীর মাছ-এ সংক্রান্ত প্রশ্নাগণ্ড উপস্থাপন করা হলেও তা গ্রহণ করা হয়নি বলে অভিযোগ করেন ব্যবসায়ীরা। এদিকে চরফ্যাশন উপজেলা মৎস্য কর্মকর্তার ১২ মে স্বাক্ষরিত এক অনুমতিপত্রে দেখা যায়, মাছ পরিবহনের আগে অনুমতি চাওয়া হয়েছিল। সামরাজের ব্যবসায়ী মোশাররফ হোসেনের আবেদনের পর ইলিশ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের সহকারী মো. আল-আমিন হোসেন যাইচ-বাছাই করে পরিবহনের অনুমতি দেওয়ার সুপারিশ করেন। প্রশ্ন উঠেছে, এমন অনুমতিপত্র থাকা সত্ত্বেও কেন কোস্ট গার্ড অপারেশন টিম ও জেলা সদরের মৎস্য কর্মকর্তারা ইলিশ জব্দ করেন। জব্দ করা মাছ ককসিটে ভর্তি অবস্থায় কোস্ট গার্ড দপ্তরে নেওয়া হয় এবং পুর ট্রাক থেকে নামানো হয়। এ সময় জেলা মৎস্য কর্মকর্তা যথাযথ দায়িত্ব পালন করেননি-এমন অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানান জেলা মৎস্য কর্মকর্তা। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেকটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সূজন এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, সামুদ্রিক মৎস্য সম্পদের সূত্রে প্রজনন, উৎপাদন ও সংরক্ষণ ন্যস্ত করতে ৫৮ দিনের নিষেধাজ্ঞা চলাকালে তোলা কোস্ট গার্ড ও মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে অভিযান পরিচালনা করা হয়। এ সময় সন্দেহজনক ১ কোটি ১ লাখ ৪০ হাজার টাকা মূল্যের ১০ হাজার ১৪০ কেজি সামুদ্রিক ইলিশ মাছ জব্দ করা হয়।

দেশে বর্তমানে উত্তোলনযোগ্য গ্যাসের

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদসমূহ ইকবাল হাসান মাহমুদ। সোমবার (২২ জুন) সংসদে মন্ত্রীদের-১ আসনের জামায়েতে ইসলামীর সংসদ সদস্য মো. তাজউদ্দীন খানের টেলিবে উপস্থাপিত তারকাচিহ্নিত প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান। ইকবাল হাসান বলেন, ২০২৬ সালের ১ জানুয়ারি পর্যন্ত দেশে উত্তোলনযোগ্য গ্যাসের মজুতের পরিমাণ ছিল ৭ দশমিক ৬৩ টিসিএফ। আটটি গ্রাহক শ্রোঁর অ্যুমোদিট করাডোর ভিত্তিতে বর্তমানে দেশে দৈনিক গ্যাসের চাহিদা প্রায় ৩ হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট। এর বিপরীতে এপ্রিল পর্যন্ত গড়ে দৈনিক গ্যাস সরবরাহ ছিল প্রায় ২ হাজার ৬৫৪ মিলিয়ন ঘনফুট। ফলে প্রতিদিন প্রায় ১ হাজার ১৪৬ মিলিয়ন ঘনফুট গ্যাসের ঘাটতি রয়ে গেছে। ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা, আমদানিনির্ভরতা কমানো ও দেশীয় সম্পদতা বৃদ্ধির লক্ষ্যে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে বলেও তিনি সমস্মরণে জানান। দেশীয় গ্যাস উৎপাদন বৃদ্ধির কর্মসূচির আওতায় ২০৩১ সালের মধ্যে ১৫০টি কুপ খনন ও ওয়ার্ল্ডভাজারের পরিকল্পনা নেওয়া হয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, এরমধ্যে ২৮টি কুপ খনন ও ওয়ার্ল্ডভার কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কুপ খনন ও ওয়ার্ল্ডভার কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়, পেট্রোবাংলা ও সংশ্লিষ্ট কোম্পানিগুলোর পর্যায়ে উন্নয়ন প্রকল্প অনুমোদনসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। নতুন সম্ভাব্য গ্যাসক্ষেত্র চিহ্নিত করতে চলমান সিসমিক জরিপ কার্যক্রমের বিষয়েও মন্ত্রী আলোকপাত করেন। তিনি বলেন, ব্লক-৭ ও ব্লক-৯ এলাকায় প্রায় ৪ হাজার ৫০০ লাইন কিলোমিটার হিমািক্রি (২ডি) সিসমিক তথ্য সংগ্রহ করা হয়েছে এবং বর্তমানে এসব তথ্য প্রক্রিয়াকরণের কাজ চলছে। এছাড়া হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা গ্যাসক্ষেত্রের আশেপাশে ১ হাজার ৪৫০ বর্গকিলোমিটার এলাকাভূত্বে ক্রিমাক্রিক (৩ডি) সিসমিক জরিপ শিপগিরই গুরু হবে বলে আশা করা হচ্ছে। ইকবাল হাসান আরও জানান, ভোলার চরফ্যাশন এলাকায় ৬৬০ বর্গকিলোমিটার, জামালপুরে ৬৫০ বর্গকিলোমিটার, ভিতাস, হবিগঞ্জ ও নরসিংদী গ্যাসক্ষেত্র সংলগ্ন এলাকায় ৬২২ বর্গকিলোমিটার এবং লামিগাঁও, লালাবাজার, গোয়াইনহাট, লৈলাশটিলা দক্ষিণ ও ক্ষেপ্গঞ্জ পশ্চিম গ্যাসক্ষেত্র সংলগ্ন কাঠামোতে ৮৮২ বর্গকিলোমিটার এলাকায় আরও ৩ডি সিসমিক জরিপের পরিকল্পনা নেওয়া হয়েছে। রত্নায় মালিগাঙ্গার অনুসন্ধান প্রতিষ্ঠান অপেক্ষেপ ক্ষতিকারী করার অংশ হিসেবে ২ হাজার এবং ১ হাজার ৫০০ অশ্বশক্তি ক্ষমতাসম্পন্ন দুটি নতুন ড্রিলিং রিগ কেনার কার্যক্রমও এগিয়ে নেওয়া হচ্ছে বলে মন্ত্রী জানান। তিনি আরও বলেন, ভোলায় আবিষ্কৃত গ্যাসক্ষেত্রগুলোকে জাতীয় গ্যাস গ্রিডের সঙ্গে যুক্ত করার লক্ষ্যে ভোলা-বরিশাল-জাজিরা-মাগুরা-আমিনবাজার গ্যাস পাইপলাইন নির্মাণের নীতিগত সিদ্ধান্ত সরকার নিয়েছে এবং এ লক্ষ্যে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

১৮ ঘণ্টার বৈঠক শেষে

হয়েছে, সুইজারল্যান্ডে অনুষ্ঠিত এই দীর্ঘ আলোচনায় ইরানের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির পার্লামেন্ট স্পিকার মোহাম্মাদ বায়ের গালিবাক। প্রতিনিধিদলে আরও ছিলেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি, কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আব্দুল্লাসের হেমাতি, উপ-ভেলমন্ত্রী হামিদ বৃদ ও অভিজ্ঞ পারমাণবিক আলোকের আলী বাকরি। ইরানের রত্নীয় বার্তা সংস্থা আইএসএনএ ও তাসনিম –এর প্রতিবেদনে বলা হয়েছে, শীর্ষ পর্যায়ের প্রতিনিধিদল সুইজারল্যান্ড ত্যাগ করলেও কারিগরি বা টেকনিক্যাল আলোচক দল এখনও সেখানে অবস্থান করছে, যার নেতৃত্ব দিচ্ছেন উপ-পররাষ্ট্রমন্ত্রী কামেরে যারিরাবাদি। প্রতিবেদন অনুযায়ী, ইসলামাবাদ সমঝোতা স্মারক বাস্তবায়নসংক্রান্ত কারিগরি বিষয়গুলো নিয়ে আলোচনার জন্য ওই দল সুইজারল্যান্ডে থেকে যাবে এবং আলোচনা চালিয়ে যাবে।

আদালতের নির্দেশকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে

কোন সম্পর্ক রাখেন না। ভুক্তভোগী পরিবারের অভিযোগে, পত্রিক সপ্তে ৬৭ শতাংশ জরিপ রয়েছে। ওই জমির জাগিদার হচ্ছে বীর মুক্তিযোদ্ধা বজলুর রহমান খানের ৭ ছেলে। তার কোন মেয়ে নেই। জমি ভাগবাটোয়ারা হওয়ার পূর্বেই মৃত ভাই আলামিনকে ফাঁদে ফেলে বিয়ে করা রাখি ওই রিপনকে সাথে

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২৩ জুন ২০২৬ ৯ ০৯ আষাঢ় ১৪৩৩

নিয়ে এ সত্স্রাসী কর্মকাভ চালাচ্ছে। পারিবারিক সম্পত্তি নিয়ে চলমান মামলার নিষ্পত্তি না হওয়া এবং অংশীদারদের চূড়ান্ত হিস্যা নির্ধারণের আগেই রাখি আদালতের পিয়ন রিপনের মাধ্যমে জমি দখলে নিতে মরিয়া। তাকে যে স্থান থেকে জমি দেয়া হয়েছে সেখান থেকে না নিয়ে অন্য ভাইদের জমি দখলে করে বাউভারী ওয়াল দেয়ার পর এখন ঘর উত্তোলন করছেন। পরিবারের সদস্য আলী আজম খান বলেন, তারা দীর্ঘদিন ধরে জমিটি ভোগদখলে থাকলেও বর্তমানে নানামুখী চাপের মধ্যে রয়েছেন। তার ভাষা, “আমাদের অর্থনৈতিক সক্ষমতা ও লোকবল কম। সেই সুযোগে আদালতের পিয়ন রিপন আমাদের ওপর চাপ সৃষ্টি করছে। আদালতের আদেশ থাকা সত্ত্বেও নির্মাণ কাজ চলতে দেখে আমরা উদ্বিগ্ন। পুলিশের সহযোগিতা চেয়েও পাইনি বলে অভিযোগ করেন তিনি। তিনি আরো বলেন, সম্পত্তি তার বাবা প্রয়াত বীর মুক্তিযোদ্ধা বজলুর রহমান খানের পরিবারভুক্ত। উত্তরাধিকারীদের মধ্যে সম্পত্তি বন্টন নিয়ে আদালতে বাটোয়ারা মামলা চলমান রয়েছে। এ অবস্থায় মৃত অংশীদার আলামিনের দ্বিতীয় স্ত্রী দাবিবার রাখির কাছ থেকে জমি ক্রয় করেছেন বলে দাবি করেন আদালতের কর্মচারী রুহুল আমিন রিপন। তবে অন্য অংশীদারদের অভিযোগ, জমির চূড়ান্ত বন্টনের আগেই এ ধরনের ক্রয়-বিক্রয় এবং পরবর্তী নির্মাণ কার্যক্রম আইনি প্রক্সের জন্ম দিয়েছে। আজম বলেন, বাড়িতে কেউ না থাকাবস্থায় আকাশিক সত্স্রাসী বাহিনী নিয়ে সম্প্রতি রিপন ও রাখি তাদের ইচ্ছামত প্রায় ৬ শতাংশ জমি দেয়াল দিয়ে আটকে রেখেছে। ওেই সময় বাধা দেয়া হলেও রিপনের সত্স্রাসী বাহিনীর কাছে অসহায় ছিল আমার ছোট ভাই। এরপর আদালতের শরণাপন্ন হলে উভয় পক্ষকে আদালত থেকে স্থিতিবস্থা বজায় রাখার নির্দেশ দেন। আদালতের নির্দেশ উপেক্ষা করে ১৬ ও ১৭ জুন রাতের আধারে ঘর তোলার চেষ্টা করে। ওই সময় তাকে বার নিষেধ করা সত্ত্বেও নিজেস্বক ম্যাঞ্জিস্ট্রেট পরিচয় দিয়ে একাধিক মামলায় জড়িয়ে দেয়ার হুমকি দেয়। ইতিমধ্যে রিপন তাদের বিরুদ্ধে ৩টি মিথ্যা মামলা দায়ের করেছেন। মিথ্যা মামলার এবং সত্স্রাসীদের হামলার ভয়ে তারা এক প্রকার কোনাঠাসা হয়ে পড়েছে। আর এ সুযোগ নিচ্ছে আদালতের কর্মচারী রিপন। তাকে মদদ দিচ্ছে বরিশাল নগরীর হাম্দিাক্সের সদস্য রাখি। এ বিষয়ে এয়ারপোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, “আমরা উভয়পক্ষকে নিয়ে একাধিকবার বসেছি এবং সমঝোতার চেষ্টা করেছি। কিন্তু কোনো সমাধানে পৌছানো যায়নি। জমিজমা সংক্রান্ত বিষয়ে পুলিশের সরাসরি হস্তক্ষেপকে সুযোগ সীমিত। তবে আদালত কোনো প্রতিবেদন চাইলে আমরা তা দিতে প্রস্তুত রয়েছি।” ওসি আরো বলেন, আদালতের নির্দেশ উপেক্ষা করে ঘর উত্তোলন করার বিষয়টি তিনি অবহিত। আদালত প্রতিবেদন চাইলে রিপনের বিরুদ্ধে আদালতের নির্দেশ অমান্য করার বিষয়টি তুলে ধরা হবে বলে জানান তিনি। রুহুল আমিন রিপন দাবি করেন, তিনি বৈধভাবে জমি কিনেছেন এবং কাউকে হয়রানি করার প্রস্তুই ওঠে না। জমি ভাগবাটোয়ারা হয়নি তাহলে কিভাবে জমি কিনলেন। এ প্রশ্নের জবাবে তিনি বলেন, তাদের ওয়ারিাল এক বিধবাকে ন্যায়্য পাওনা থেকে বঞ্চিত করা হচ্ছে। এ কারনে রাখি রাখির কাছ থেকে জমি ক্রয় করে দেয়াল দিয়েছেন। মামলার নিষ্পত্তির পর তিনি যে অংশ পাবেন, সেটিই তার জমি হবে। আইন মেনেই আমি এগোছি। কার জমিতে দেয়াল দিয়েছেন। এ প্রশ্নের উত্তর দেননি তিনি। নাম প্রকাশ না করার শর্তে একাধিক এলাকাবাসী বলেন, রহুল আমিন রিপন আদালতের একজন কর্মচারী। এছাড়াও এলাকায় তার বিরুদ্ধে অসংখ্য অভিযোগ রয়েছে। ৬০ লাখ টাকা দিয়ে তিনি এই জমি কিনেছেন দাবী করেন। তার এতো টাকার উৎস নিয়েও সন্দেহ প্রকাশ করেন অনেকে। প্রকৃত সত্য উদঘাটনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বচ্ছ তদন্ত দাবী করেন এলাকাবাসী।

নৌযান থেকে চাঁদা নেয়ার

মো. শাহাবুদ্দিন বেপারীর ছেলে সজিব বেপারী (২৮) ওএ এবং একই গ্রামের সিদ্দিক মাঝির ছেলে মাইনউদ্দিন মাঝি (৩৫)। পুলিশ জানায়, মেঘনা ও ইলিশা নদীপথে চলাচলকারী বিভিন্ন পণ্যবাহী নৌযান থেকে দীর্ঘদিন ধরে চাঁদা আদায়ের অভিযোগ পাওয়া যাচ্ছিল। ইলিশা নদীর মোহেদিগঞ্জ উপজেলার সাদেকপুর গ্রাম সংলগ্ন এলাকায় একটি বান্ধেও থেকে এক হাজার টাকা নেওয়ার সময় দুজনকে হাতেগোত আটক করা হয়। পরে বান্ধেহেড়ির সুকানি মোহেদিগঞ্জ থানায় একটি চাঁদাবাজির মামলা করেন। ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে দুজনকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। পরিদর্শক এনামুল হক বলেন, কয়েক মাস আগে একই ধরনের অভিযোগে পাঁচজনের আটক করা হয়েছিল।

মাদক চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের

জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক শেখ রিয়াজউদ্দিন রানা। এছাড়া ৪ নং কলাখালী ইউনিয়ন এলাকাবাসীর পক্ষে উপস্থিত ছিলেন মোহাম্মদ মুজিবুর রহমান, মোহাম্মদ নজরুল ইসলাম সেলিম, মোহাম্মদ সেলিম শেখ, মোহাম্মদ উল্লাহ, আবুল কালাম ফকিরসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। ৭বক্তারা বলেন, প্রভাত এলাকায় মাদক ব্যবসা, চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা বৃদ্ধি পাওয়ায় সাধারণ মানুষের মধ্যে উরোগ ও আতঙ্ক বিরাজ করছে। এসব অপরাধমূলক কর্মকাণ্ড বন্ধে প্রশাসনের কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানান তারা। মানববন্ধনে অংশগ্রহণকারীরা বলেন, একটি সুন্দর, শান্তিপূর্ণ ও নিরাপদ সমাজ গঠনের লক্ষে সবাইকে একাবদ্ধভাবে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। তারা মাদক ব্যবসায়ী ও অপরাধীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি এলাকাবাসীর সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। এ সময় মানববন্ধনে প্রদর্শিত বানারে লেখা ছিল, “একটি সুন্দর সমাজ গঠনের লক্ষে প্রভাতের মাদক, চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের প্রতিবাদে মানববন্ধন।” এছাড়া ব্যানারের দুই পাশে সচেতনতামূলক বাণী প্রদর্শিত লেখা ছিল, “মাদকের অমোঘ দূশমন, প্রতিরোধই সমাধান” এবং ‘পরিবার, সমাজ ও দেশ বাঁচাতে মাদক রুখতে হবে একসঙ্গে।’ মানববন্ধন শেষে এলাকাবাসীর পক্ষ থেকে জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট প্রশাসনের দুটি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়।

বালকাঠিতে যুবলীগ নেতা

ধরে নব্ব্বাম ইউনিয়নের বাড়িকাঠি ওয়ার্ডের ইউপি সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। পাশাপাশি তিনি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদকের মতো গুরুত্বপূর্ণ রাজনৈতিক পদেও দায়িত্ব পালন করেছিলেন। হঠাৎ করে একজন জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতা আটকের ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয়দের মাঝে বিষয়টি নিয়ে নানা আলোচনা ও মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। ৭বর্তমানে বালকাঠি সদর থানা পুলিশ পুরো বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করছে এবং এ নিয়ে আইনি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

উজিরপুরে শিশু পার্কের অবৈধ

কার্যক্রমের অভিযোগে তুলে স্থানীয় বাসিন্দা এবং দর্শনাধীরা ক্ষোভ প্রকাশ করে আসছিলেন। সাম্প্রতিক সময়ে বিষয়টি নিয়ে বিভিন্ন জাতীয় ও স্থানীয় প্রত্নপত্রিকা এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সমালোচনা ও লেখালেখি হয়। বিষয়টি প্রশাসনের কাছে আসলে উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ আলী সুজা দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। ইউএনও’র নির্দেশনায় সোমবার দুপুরে পার্কটিতে অভিযান চালান উজিরপুর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এল্লিকিউটিভ ম্যাঞ্জিস্ট্রেট মহেশ্বর মন্ডল। অভিযানকালে পার্কের ভেতরে আইনবহির্ভূতভাবে গড়ে ওঠা খুপড়ি ঘরগুলোর সত্যতা পাওয়া যায়। এরপর ভ্রাম্যমাণ আদালতের পক্ষ থেকে

পার্ক কর্তৃপক্ষকে আগামী তিন কার্যদিবসের মধ্যে এসব অবৈধ স্থাপনা নিজস্ব দায়িত্বে সম্পূর্ণভাবে অপসারণ করার জন্য চূড়ান্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে উচ্ছেদ না করা হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করা হয়েছে। অভিযান শেষে এল্লিকিউটিভ ম্যাঞ্জিস্ট্রেট মহেশ্বর মন্ডল সাংবাদিকদের বলেন, “বিনোদনের নামে শিশু পার্কের ভেতর কোনো ধরনের অবৈধ স্থাপনা বা শৃঙ্খলা পরিপন্থী কাজ বরদাশত করা হবে না। পার্কের সূট ও সুন্দর পরিবেশ বজায় রাখতে এবং জনস্বার্থে প্রশাসনের এই উচ্ছেদ অভিযান ও নজরদারি আগামীতেও অব্যাহত থাকবে।” অভিযান চলাকালে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। প্রশাসনের এই সমন্বোপযোগী পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন উজিরপুরের সচেতন মহল।

পায়রা নদীর গ্রাসে শেষ পটুয়াখালীর

হাজার মানুষ প্রতি বছর পানিবন্দি অবস্থায় থাকে। ঘরবাড়ি, ফসলের ক্ষেত, গাছপালা সব হারিয়ে নিঃশ্ব হয়েছে এসব গ্রামের শত শত পরিবার? সেইসাথে নদীগর্ভে চলে গেছে এখানকার হাজারো মানুষের সাজানো স্বপ্ন। ইতিমধ্যে অনেকের চিরতরে মুছে গেছে অনেক ঘড়-বাড়ি। নদীর তীরবর্তী এলাকায় মানুষ ঘর বাড়ি স্থানান্তর করে বেঁচে থাকার প্রয়োজনে অন্যত্র আশ্রয় নেয়ার চেষ্টা করছে। আত্মসী নদী ভাঙনের দিশেহারা হয়ে পড়ছে ইউনিয়নের হাজার হাজার মানুষ। পূর্ণপুকষের ভিটে-মাটি কবর হারানো মানুষগুলো অসহায় হয়ে আশ্রয়ের জন্য যুরছেন ঘরে ঘারে। কাটাচ্ছেন মানবেরতর জীবন। তারা এখন ত্রাণ চায় না চায় স্থায়ী বেড়িবাঁধ। তাই আশ্বাস নয় স্থায়ী সমাধানের দাবি স্থানীয় ভুক্তভোগীরা। আলোয়া বোম্ব বলেন, আমি ২০ বছর আগে যখন এখানে আমার শ্বশুর বাড়ি এগেছি তখন দেখেছি তাদের সাজানো সংসার ছিল, কিন্তু ধীরে ধীরে পায়রা নদীর ভাঙনের সবকিছু নিয়ে গেছে। এখন নিঃশ্ব হয়ে আছি আমরা। আমরা এখন স্থায়ী সমাধান চাই। কামাল হোসেন বলেন, এখন যদি ভাঙন রোধে স্থায়ীভাবে কোনো কিছু না করা হয় তাহলে আগামী ৪ বছরের মধ্যে আমাদের যে ভিতরে ঘরবাড়িগুলো আছে সেগুলো নদীতে তলিয়ে যাবে। পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. রাকিব বলেন, বর্তমানে ভাঙন রোধে আমরা অস্থায়ী ভাবে কাজ করছি। তবে খুব দ্রুতই স্থায়ী সমাধানের কথাও জানান পানি উন্নয়ন বোর্ডের এই কর্মকর্তা। পটুয়াখালীতে মোট ১হাজার তিনশ’ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। এর মধ্যে আংশিক ক্ষতিগ্রস্ত ২২ কিমি. এবং ৬ কিমি. মিটার বেড়িবাঁধ পুরো ক্ষতিগ্রস্ত অবস্থায় রয়েছে।

ঢাকা-বরিশাল মহাসড়কে

ও পরিবহন চালকদের অভিযোগ, সম্প্রতি কয়েক দিনের টানা বৃষ্টিতে মহাসড়কের বিভিন্ন অংশে পিচ ও খোয়া উঠে গিয়ে বড় বড় গর্ত ও খানাখন্দের সৃষ্টি হয়েছে। বিশেষ করে টরকী বাসস্ট্যান্ড এলাকায় সড়কের মাঝখানে তৈরি হওয়া গর্তটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। রাতের অন্ধকারে কিংবা বৃষ্টির সময় গর্তটি শনাক্ত করা কঠিন হওয়ায় যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন তারা। চালকদের দাবি, নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার করে সড়ক সংস্কার কাজ করায় অল্প বৃষ্টিতেই সড়কের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। গৌরনদী উপজেলার ভুরঘাটা, বাথী, টরকী বাসস্ট্যান্ড, গৌরনদী বাসস্ট্যান্ড, আশোকাঠী, কাশেমোবাদ, মাছিাড়া ও বাটোজোরসহ বরিশাল সদর পর্যন্ত প্রায় ৪০ কিলোমিটার মহাসড়কের বিভিন্ন স্থানে ভাঙাচোরা ও খানাখন্দের সৃষ্টি হয়েছে। ফলে প্রতিদিন হাজার হাজার যানবাহন ও যাত্রীকে দুর্ভোগে পোহাতে হচ্ছে। শ্যামলী পরিবহনসেবা চালক হুমায়ুন কবির বলেন, “মহাসড়কের বিভিন্ন স্থানে বড় বড় গর্ত থাকায় স্বাভাবিক গতিতে গাড়ি চালানো সম্ভব হচ্ছে না। হঠাৎ গর্ত সামনে চলে এলে ব্রেক করতে গিয়ে দুর্ঘটনার ঝুঁকি তৈরি হয়। আবার ধীরগতিতে চলাচলের কারণে নির্ধারিত সময়ে গন্তব্যে পৌছানোও কঠিন হয়ে পড়েছে।” মাহিন্দাচালক আজিজুল ইসলাম বলেন, “সড়ক ভাঙা থাকার কারণে যাত্রীরা প্রাণ্ড ঝুঁকিগ্রন শিকার হচ্ছেন। অনেক সময় ছোট যানবাহন নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে পড়ার আশঙ্কা থাকে। দ্রুত সড়ক সংস্কার না করা হলে পরিস্থিতি আরও খারাপ হবে।” যাত্রীরাও মহাসড়কের বেহাল অবস্থায় উদ্বেগ প্রকাশ করেছেন। তাদের অভিযোগ, দক্ষিণাঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ এই মহাসড়ক দীর্ঘদিন ধরে বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত থাকলেও স্থায়ী সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়া হচ্ছে না। বর্ষা মৌসুমে সড়কের ক্ষতির পরিমাণ আরও বেড়ে য়াওয়ায় যাতায়াতে ভোগান্তি চরম আকার ধারণ করেছে। স্থানীয়দের ভাষা, টরকী বাসস্ট্যান্ড এলাকায় তৈরি হওয়া গর্তটি দ্রুত সংস্কার করা না হলে যে কোনো সময় প্রাণহানির ঘটনা ঘটতে পারে। তাই কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য তারা নিজ উদ্যোগে বাঁশ পুঁতে সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছেন। এ বিষয়ে সড়ক ও জনপথ (সওজ) বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন রিসিভ না করায় কোনো বক্তব্য পাওয়া যায়নি। স্থানীয় বাসিন্দা, যাত্রী ও পরিবহন সংশ্লিষ্টরা দ্রুত মহাসড়কের ক্ষতিগ্রস্ত অংশগুলো রোমারত করে নিরাপদ রাসা চলাচল নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।

মারামারি ও ছিনতাই মামলায় বাউফল

গুরুতর জখম করা হয়। দোকানের ভেতরে ও বাইরে সংঘর্ষের ঘটনা ঘটে এবং নগদ অর্থ ছিনিয়ে নেওয়া হয়। ঘটনার পর বাউফল থানায় দায়ের করা মামলায় মোট সাতজনকে আসামি করা হয়েছে। মামলার এক নম্বর আসামি করা হয় বাউফল উপজেলা ছাত্রদলের বর্তমান সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদকে। এছাড়া মামলায় আরও কয়েকজনের নাম উল্লেখ করা হয়েছে। এজাহারে বাদী দাবি করেন, হামলায় আহতদের উদ্ধার করে প্রথমে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবে পরে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। ঘটনার পর এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়।

ভোলায় ৬০ বছরের বৃদ্ধাকে

বসতঘর কেনেন। পরে তিনি প্রবাসে চলে গেলে ওই বাড়িতে তার মা ও স্ত্রী থাকতেন। মাঝে মধ্যে ওই বাড়িতে যাতায়াত করতেন প্রবাসীর শালক অভিমুখ সজিব তেলি। শালবার রাত্তেও সজিব ওই বাড়িতে এসে থেকে যান। পরে তার বোন যুমিরে পড়লে গভীর রাত্তে তিনি ওই বৃদ্ধাকে ধর্ষণ করেন। পরে র্ত্তেরের দিকে পালিয়ে যান অভিমুখ সজিব। এরপর সকালে তার ছেলের বউ শুনে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। পরে প্রতিবেশীরা জানতে পেরে সকালে ভুক্তভোগীকে তোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

১৮ ঘণ্টার বৈঠক শেষে সুইজারল্যান্ড ছাড়লেন ইরানের শীর্ষ আলোচকরা

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রায় ১৮ ঘণ্টাব্যাপী নিবিড় আলোচনা শেষে ইরানের শীর্ষ আলোচক দল সুইজারল্যান্ড থেকে তেহরানের উদ্দেশে রওয়ানা হয়েছে। এ তথ্য জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম। ইরানি গণমাধ্যমের প্রতিবেদনে বলা

৩ এর পাতায় দেখুন



পায়রা নদীর গ্রাসে শেষ পটুয়াখালীর হাজারো মানুষের স্বপ্ন

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর পায়রা নদীর অব্যাহত ভাঙনে নদী গর্ভে বিলীন হয়েছে দুমকি উপজেলার ৪নং আঙ্গারিয়া ইউনিয়নের বাজারসহ সহস্রাধিক বসতবাড়ি ও শিক্ষা প্রতিষ্ঠান। পায়রা নদীর গ্রাস থেকে বাঁচতে ইতিমধ্যে ঘরবাড়ি নিয়ে অন্যথায় চলে যাচ্ছেন যুগ যুগ ধরে বসবাসকারী ওখানকার

বাসিন্দারা। বেড়িবাঁধ না থাকায় পরিবার নিয়ে মানবেতর জীবন কাটাচ্ছেন কয়েকশত পরিবার। ৮০ বছরের বুদ্ধা মো, জলিল উদ্দিন ফকির নদীর দিকে তাকিয়ে শুধু কান্দেন। তাকে জিজ্ঞেস করলে বলেন, কিছুদিন আগেও আমাদের সুন্দর একটা ঘড় ছিল, পুকুর ভরা মাছ ছিল, গোয়ালে ছিল গরু, খেত ভরা

ধান ছিল কিন্তু আজ সেগুলো এখন শুধুই স্মৃতি। তাই শেষ সম্বলটুকু বাঁচাতে ঘর ভেঙে অন্যর আশ্রয় খুঁজছে এই ৮০ বছরের বুদ্ধা। পটুয়াখালী দুমকি উপজেলার ৪নং আঙ্গারিয়া ইউনিয়নের পায়রা নদীর অরক্ষিত বেড়িবাঁধ ভেঙে বাহেরচর ও আঙ্গারিয়ার গ্রামের কয়েক

৩ এর পাতায় দেখুন



মারামিরি ও ছিনতাই মামলায় বাউফল উপজেলা ছাত্রদল সভাপতি কারাগারে

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদকে মারামিরি, হামলা ও ছিনতাইয়ের মামলায় জামিন না দিয়ে জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার পটুয়াখালীর আদালতে হাজিরার পর শুনানি শেষে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নওরুন্না করিম এ আদেশ দেন। আদালত সূত্রে জানা যায়, আব্দুল্লাহ আল ফাহাদ মামলায় হাজিরা দিতে আদালতে উপস্থিত হন। পরে তার জামিন আবেদন নামঞ্জুর করা হয়। মামলার এজাহার সূত্রে জানা যায়, চলতি বছরের ২৬ মার্চ রাতে বাউফল পৌর শহরের একটি ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, মারধর ও ছিনতাইয়ের ঘটনা ঘটে। মামলার বাদী ফজলুল হক মুখা অভিযোগ করেন, এ সময় তার ভাই ও স্বাক্ষরের ওপর হামলা চালিয়ে

পটুয়াখালীতে তিন নারী গ্রেফতার

মহিপুর প্রতিনিধি

পটুয়াখালীর মহিপুর থানা পুলিশের বিশেষ অভিযানে জনসাধারণের বিরক্তিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে তিন নারীকে গ্রেফতার করা হয়েছে। রবিবার (২১ জুন) রাত সোয়া ১০টায় বিশেষ অভিযান পরিচালনাকালে কুয়াকাটা পৌরসভার পাশুপাড়া এলাকার ৮ নম্বর ওয়ার্ডে একটি হোটেলের সামনে থেকে স্থানীয় জনসাধারণের সহায়তায় তাদের আটক করা হয়। গ্রেফতাররা হলো- মোসাঃ পারভীন বেগম (৩৮) ও মোসাঃ সান্নাভিলা আক্তার রাজি (২৬)। পুলিশ জানায়, জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি ও বিরক্তিকর আচরণের অভিযোগে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গ্রেফতারদের পরবর্তীতে আদালতে প্রেরণ করা হয়েছে।

৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ২২ মঙ্গলবার ২৩ জুন ২০২৬ ০৯ আষাঢ় ১৪৩৩

চরফ্যাশনে কোটি টাকার ইলিশ গায়েব, বিচারিক তদন্তের নির্দেশ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলা চরফ্যাশন থেকে মাছ ব্যবসায়ীদের জয় করা কোটি টাকার ইলিশ মাছ গায়েবের অভিযোগের ঘটনায় বিচারিক তদন্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট বেঞ্চ হাইকোর্ট। আগামী ৩০ দিনের মধ্যে তদন্ত কমিটিকে প্রতিবেদন

দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। ১০ ব্যবসায়ীর করা রিটের প্রাথমিক শুনানি শেষে সোমবার বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও বিচারপতি মো. জিয়াউল হকের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদেশের বিষয়টি নিশ্চিত করে

আইনজীবী ছিদ্দিক উল্লাহ মিয়া বলেন, অতিরিক্ত জেলা জজের নিচে নন এমন একজন বিচারক দিয়ে তদন্ত কমিটি গঠন করতে বলা হয়েছে। 'ভোলায় জন্ম ইলিশ গায়েব' শীর্ষক একটি জাতীয় দৈনিকে প্রকাশিত

৩ এর পাতায় দেখুন

ওলামা দলের নেতার দোকান-বাড়ি লুট, অভিযোগ ছাত্রদলের বিরুদ্ধে

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় ওলামা দলের এক নেতার দোকান-বাড়ি লুটের অভিযোগে ছাত্রদলের নেতার হামলার অভিযোগ উঠেছে। হামলায় এক নারীসহ তিনজন আহত হয়েছেন। আহতরা হলেন কলাপাড়ার ৯ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর কালমা সরদার



মোজাহার উদ্দিন বিশ্বাস অনার্স কলেজের ছাত্রদের

৩ এর পাতায় দেখুন

উজিরপুরে শিশু পার্কের অবৈধ বুপড়ি ঘর অপসারণের নির্দেশ

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুর উপজেলার সাতলা ময়না শিশু পার্কে নির্মিত সব অবৈধ বুপড়ি ঘর ও অননুমোদিত স্থাপনা আগামী তিন দিনের মধ্যে ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে প্রশাসন। সোমবার (২২ জুন) দুপুরে পার্ক এলাকায় একটি আয়তাকার আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করে এই নির্দেশনা দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, বেশ কিছুদিন ধরে সাতলা ময়না শিশু পার্কের ভেতরে নান্দনিক পরিবেশ নষ্ট করে অবৈধভাবে বেশ কিছু বুপড়ি ঘর গড়ে তোলা হয়েছিল। এসব ঘর অপসারণের নির্দেশ দেওয়া হয়েছে।



মাদক, চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের প্রতিবাদে পিরোজপুরে মানববন্ধন

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার ৪ নং কলাখালী ইউনিয়নের প্রত্যন্ত এলাকায় মাদক, চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের ক্রমবর্ধমান ঘটনার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন স্থানীয় এলাকাবাসী। সোমবার (২২ জুন) জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত এ মানববন্ধনে ইউনিয়নের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। মানববন্ধনে উপস্থিত ছিলেন পিরোজপুর

ভোলায় ৬০ বছরের বৃদ্ধাকে ধর্ষণ: যুবক গ্রেফতার



ভোলা প্রতিনিধি

ভোলায় ৬০ বছর বয়সী এক বৃদ্ধাকে ধর্ষণের অভিযোগে অভিযুক্ত যুবককে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার সজিব তেলি ভোলা পৌর ও নম্বর ওয়ার্ডের কালিখোলা এলাকার সমুদ্রের ছেলে। সোমবার (২২ জুন) ভোলা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, ওই বৃদ্ধাকে ধর্ষণের অভিযোগে রোববার রাতে ভুক্তভোগীর মেয়ে বাদী হয়ে মামলা করেন। পরে গভীর রাতে ভোলা সদরের পূর্ব ইলিশা ইউনিয়নের তুলাতুলি বাজার সংলগ্ন আসামির চাচার বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। তিনি আরও জানান, গ্রেফতারকে সোমবার ভোলার আদালতে পাঠানো হবে। ভুক্তভোগী বৃদ্ধার ছেলে প্রবাসী। কয়েক বছর আগে তার স্বত্বরাজির পাশে জমিসহ

৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস. ফেলো ডটইউ. এইচ.ও (অস্ট্রেলিয়া) অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: এ্যাপেন্ডিসাইটাইটিস কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৮৬৬ ০১৭১৪-০৬৫৮৮৬, ০১৭০৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

দেশে বর্তমানে উত্তোলনযোগ্য গ্যাসের মজুত ৭.৬৩ ট্রিলিয়ন ঘনফুট

কীর্তনখোলা ডেস্ক

দেশে বর্তমানে উত্তোলনযোগ্য প্রাকৃতিক গ্যাসের মজুত আছে ৭ দশমিক ৬৩ ট্রিলিয়ন ঘনফুট (ট্রিলিএফ)। তবে দেশে প্রতিদিন গ্যাস সরবরাহে প্রায় ১ হাজার ১৪৬ মিলিয়ন ঘনফুট ঘাটতি হচ্ছে বলে জাতীয় সংসদকে জানিয়েছেন

৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় বিপুল পরিমাণ চিংড়ির রেণু পোনা জন্ম

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় পাচারকালে বিপুল পরিমাণ গলদা ও বাগদা চিংড়ির রেণু পোনা জন্ম করেছে উপজেলা প্রশাসন। এ ঘটনায় তিনজনকে মোট ১ লাখ ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। জানা গেছে, বরগুনা, পাথরঘাটা ও মঠবাড়িয়াসহ উপকূলীয় বিভিন্ন এলাকা থেকে অবৈধভাবে সংগ্রহ করা গলদা

৩ এর পাতায় দেখুন

কাউখালীতে অনিয়মিত উপস্থিতির অভিযোগে ৪ শিক্ষককে শোকজ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার কেউন্দিয়া মাধ্যমিক বিদ্যালয়ের চারজন শিক্ষকের বিরুদ্ধে অনিয়মিত উপস্থিতি ও দায়িত্বে অবহেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোক চন্দ্র হালদার সংশ্লিষ্ট চারজন সহকারী শিক্ষককে সম্প্রতি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন। নোটিশে তিন

৩ এর পাতায় দেখুন



নৌযান থেকে চাঁদা নেয়ার সময় দুজন গ্রেফতার

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার ইলিশা নদীতে পণ্যবাহী নৌযান থেকে চাঁদা নেওয়ার সময় দুজনকে গ্রেপ্তার করেছে নৌ-পুলিশ। সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার সাদেকপুর এলাকা সংলগ্ন নদীপথে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয় বলে জানান কালিগঞ্জ নৌ-পুলিশ ফাড়ির পরিদর্শক এনামুল হক। তারা হলেন-

ভোলা সদর উপজেলার কালুপুর গ্রামের



আদালতের নির্দেশকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে আদালতের কর্মচারীর সন্ত্রাসী কর্মকাণ্ড

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ২৭ নম্বর ওয়ার্ডের রুইয়ার পুল এলাকায় বিচারাধীন বাটোয়ারা মামলায় স্থিতিবস্থার মধ্যে রুহুল আমিন রিপন নামের এক ব্যক্তি আদালতের নির্দেশকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে রাতের আধারে ঘর উত্তোলন করছেন। রিপন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) আদালতের কর্মচারী হওয়ায় নিজেদের ম্যাজিস্ট্রেট হিসেবে পরিচয় দিয়ে এ কাজ করছেন বলে অভিযোগ রয়েছে। আর এ কাজে তাকে সহায়তা করছেন হ্যান্ডিট্রিপের সদস্য রাশি। এছাড়া রিপনের বিরুদ্ধে অভিযোগ রয়েছে আদালতের নাম ভাঙ্গিয়ে যে সকল জায়গায় বিরোধপূর্ণ জমি রয়েছে সেখানে গিয়ে জোরপূর্বক জমি দখল করার। এ কারণে এলাকাবাসীও তার সাথে

৩ এর পাতায় দেখুন

বিশিষ্টাচার রহমানের রাইম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়: ৪ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com